

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫৩৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়ামরত অবস্থায় স্ত্রীকে চুম্বন করা বৈধ, যদি তার পরে অপ্রীতিকর না ঘটে

ذَكَرُ الْإِبَاحَةِ لِلرَّجُلِ الصَّائِمِ تَقْبِيلَ امْرَأَتِهِ مَا لَمْ يَكُنْ وَرَاءَهُ شَيْءٌ يَكْرَهُهُ

আরবী

3536 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ قَالَ: حَدَّثَنَا بُكَيْرُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ سَعِيدٍ الْأَنْصَارِيِّ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ قَالَ: هَشَشْتُ فَقَبَّلْتُ وَأَنَا صَائِمٌ فَجِئْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: لَقَدْ صَنَعْتُ الْيَوْمَ أَمْرًا عَظِيمًا قَالَ: (وَمَا هُوَ؟) قُلْتُ: قَبَّلْتُ وَأَنَا صَائِمٌ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَرَأَيْتَ لَوْ مَضْمَضْتَ مِنَ الْمَاءِ؟) قُلْتُ: إِذَا لَا يَضُرُّ؟ قَالَ: (فَفِيمَ)

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3536 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2064).

বাংলা

৩৫৩৬. উমার বিন খাতাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার হর্ষোৎফুল্ল হয়ে সিয়াম অবস্থায় (আমার স্ত্রীকে) চুম্বন করি। তারপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলি, “আমি আজ এক গুরুতর কাজ করে ফেলেছি!” তিনি বলেন, “সেটা কী?” আমি বললাম, “আমি সিয়ামরত অবস্থায় চুম্বন করেছি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আপনার কি অভিমত, যদি আপনি পানি দিয়ে কুলি করতেন?” আমি বললাম, “তাহলে তো কোন ক্ষতি হবে না।” তখন তিনি বলেন, “তাহলে এতে আর কী?”[1]

ফুটনোট

[1] দারেমী: ২/১৩; হাকিম: ১/৪৩১; সুনান বাইহাকী: ৪/২১৮; মুসনাদ আহমাদ: ১/২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৬০-৬১; আবু দাউদ: ২৩৮৫; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৮/১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92870>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন